গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : নিতাই চন্দ্র দে সরকার
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ : ২৭শে নভেম্বর, ২০২৪ — সময় : ০৯.০০ ঘটিকা
স্থান : প্রকল্প সমন্বয়কের অফিসকক্ষ, ৫ম তলা — হাজিরা : পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বিগত অক্টোবর মাসের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য কমিউনিকেশন অফিসারকে অনুরোধ জানান। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কাজের সংক্ষিপ্ত বর্ণনা, বিগত মাসে প্রকল্পের অগ্রগতি, এই কম্পোনেন্ট এর সম্ভাব্য আউটকাম, চলমান এবং পরবর্তী কার্যক্রম সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে মাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ |
| ০২। | ল্যান্ড গেজ এর স্থানিক মানচিত্র প্রণয়ন | প্রকল্প এলাকায় ইতোমধ্যে স্থাপিত ৬০টি ল্যান্ড গেজের Geo-spatial data এর সাহায্যে তিন জেলার জন্য পৃথক তিনটি মানচিত্র প্রণয়ন করা হয়েছে যা সভায় উপস্থাপন করা হয় এবং মানচিত্রের বিভিন্ন ফিচার নিয়ে আলোচনা করা হয়। | ক) মানচিত্রে প্রতিটি ল্যান্ড গেজের অবস্থান আরোও স্পষ্টভাবে দেখার উপযোগী করে মানচিত্র হালনাগাদ করতে হবে।<br><br>খ) ৩টি জেলার ল্যান্ড গেজের অবস্থান একত্রে ভিন্ন মানচিত্রে দেখাতে হবে। | টিম লিডার, জিআইএস স্পেশালিস্ট ও কমিউনিকেশন অফিসার |
| ০৩। | Post-monsoon assessment | ২০২৪ সালের জুলাই ও সেপ্টেম্বর এর বন্যা মৌসুমে প্রকল্প হতে বন্যা কবলিত এলাকায় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের নিকট artificial | যে সকল উপজেলায় ভয়েস মেসেজের মাধ্যমে বন্যার আগাম বার্তা পাঠানো হয়েছে সেসকল উপজেলাগুলিতে এর কার্যকরিতা জানতে Post | টিম লিডার, কমিউনিকেশন অফিসার, রিজিওনাল কোঅর্ডিনেটর ও |

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | intelligence (AI) জেনারেটেড ভয়েজ মেসেজ ব্যবহার করে আগাম সতর্কবার্তা যথাসময়ে পৌছে দেয়া হয়েছে। প্রদত্ত ভয়েস মেসেজের উপযোগিতা এবং প্রকল্প এলাকায় এর সুফল জানতে মাঠ পর্যায়ে সার্ভে করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | Monsoon Assessment করতে হবে। | ফিল্ড ফ্যাসিলিটেটর |
| ০৪। | বন্যা আশ্রয়কেন্দ্রের তথ্য ও মানচিত্র হালনাগাদ | প্রকল্প আওতাধীন ৩ টি জেলার স্থায়ী বন্যা আশ্রয়কেন্দ্র এবং অস্থায়ী বন্যা আশ্রয়কেন্দ্র এর তথ্য পৃথক পৃথক রঙ ও প্রতীকের সাহায্যে পৃথক মানচিত্র প্রণয়নের এর বিষয় নিয়ে সভায় আলোচনা করা হয়। | জামালপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধা এই তিন জেলার স্থায়ী বন্যা আশ্রয়কেন্দ্র এবং অস্থায়ী বন্যা আশ্রয়কেন্দ্র এর তথ্য পৃথক মানচিত্রে প্রণয়ন করতে হবে। | টিম লিডার ও আইসিটি স্পেশালিষ্ট |
| ০৫। | স্বেছাসেবক দল গঠন ও প্রশিক্ষণ কার্যক্রম | ইতোমধ্যে গাইবান্ধা, জামালপুর ও কুড়িগ্রাম জেলার ৬১টি ইউনিয়ন হতে ১৬৪৭ জন স্বেচ্ছাসেবকের তথ্য সংগ্রহ এবং নিরাপত্তা সরঞ্জাম (লাইফ ভেস্ট ও ক্যাপ) এর ডিজাইন এর কাজ সম্পন্ন হয়েছে। দ্রুততম সময়ে স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে প্রশিক্ষণ সংক্রান্ত প্রস্তুতি নিয়ে সভায় আলোচনা হয়। | ডিসেম্বরের প্রথম সপ্তাহের মধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করে দ্বিতীয় সপ্তাহে প্রশিক্ষণ আয়োজনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | টিম লিডার, কমিউনিকেশন অফিসার ও রিজিওনাল কোঅর্ডিনেটর |
| ০৬। | জেলা ভিত্তিক প্রকল্পের অগ্রগতি অবহিতকরণ কর্মশালা | প্রকল্প আওতাধীন জামালপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধা এই তিন জেলায় প্রকল্পের অগ্রগতি, এই কম্পোনেন্ট এর সম্ভাব্য আউটকাম, চলমান এবং পরবর্তী কার্যক্রম ইত্যাদি বিষয় নিয়ে পৃথক পৃথক অবহিতকরণ কর্মশালা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রকল্প আওতাধীন জামালপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধা এই তিন জেলায় প্রকল্পের অগ্রগতি অবহিত করার জন্য জানুয়ারি ২০২৫ এর মধ্যে পৃথক পৃথক কর্মশালার আয়োজন করতে হবে। | টিম লিডার, কমিউনিকেশন অফিসার ও জিআইএস স্পেশালিস্ট |
| ০৭। | CV মূল্যায়ন কমিটির সভা | প্রভাতী প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার এবং ফাইন্যান্স অফিসারের বর্তমান শূন্যপদে নিয়োগের উদ্দেশ্যে CV মূল্যায়ন কমিটির সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী ০১ ডিসেম্বর, ২০২৪, সকাল ১০.০০ টায় প্রভাতী প্রকল্পের আওতাধীন দুইটি (০২) শূন্য পদে কর্মকর্তা নিয়োগের উদ্দেশ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে সভার আয়োজন করতে হবে। | টিম লিডার, কমিউনিকেশন অফিসার ও রিজিওনাল কোঅর্ডিনেটর |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪.১০৭

তারিখ: ০৫-১২-২০২৪ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। উপ-প্রকল্প সমন্বয়ক (GIS/ RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
০৫। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৬। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৭। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৮। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৯। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১০। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১১। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১২। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৩। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট (প্রকল্প সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। অফিস কপি/ গার্ড ফাইল।

(মোঃ হাফিজুর রহমান)
উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস/আরএম)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট